

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 23-10-2025**

**Time: 07:55-0 $\leftarrow$ 05 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সীমান্ত এলাকায় শান্তি বজায় রাখার জন্য বিএসএফ এবং রাজ্য সরকারের মধ্যে সম্পর্ক আটুট রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (২) রাজ্যে আগামীকাল থেকে মুখ্যমন্ত্রী সুস্থ শিশু সুস্থ কৈশোর অভিযানের অষ্টম পর্যায় শুরু হচ্ছে।
- (৩) আগামীকাল রোজগার মেলার ১৭ তম পর্বে সারা দেশে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন প্রধানমন্ত্রী।
- (৪) জিএসটি হারের সংস্কারের ফলে ত্রিপুরার গ্রামীণ অর্থনীতি শক্তিশালী হচ্ছে।

\*\*\*\*\*

## **BSF IG meets Chief Minister :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সীমান্ত এলাকায় শান্তি, নিরাপত্তা এবং উন্নয়ন বজায় রাখার জন্য বিএসএফ এবং রাজ্য সরকারের মধ্যে নিবিড় সম্পর্ক অটুট রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন। বিএসএফ -এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের মহাপরিদর্শক অলক কুমার চক্ৰবৰ্তী আজ আগরতলায় মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাত করে রাজ্যে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে বিদ্যমান নিরাপত্তা এবং পরিচালনাগত পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। সীমান্ত ব্যবস্থাপনার বিভিন্ন দিক নিয়েও তাদের মধ্যে আলোচনা হয়েছে। বিএসএফ সদর দপ্তর সূত্রে এই খবর জানা গেছে।

\*\*\*\*\*

## **NHM :**

রাজ্যে আগামীকাল থেকে মুখ্যমন্ত্রী সুস্থ শিশু সুস্থ কৈশোর অভিযানে অষ্টম পর্যায় শুরু হচ্ছে। আগামীকাল এই কর্মসূচির রাজ্যভিত্তিক অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে খোয়াই জেলায়। এই অভিযান চলবে নয় নভেম্বর পর্যন্ত।

\*\*\*\*\*

## **STRIKE :**

অনুপ্রবেশ বন্ধের দাবিতে সিভিল সোসাইটির ত্রিপুরা বন্ধ-এর ফলে রাজ্যের বিভিন্ন স্থানে রেল ও যানবাহন চলাচল ব্যাহত হয়। বন্ধ সমর্থনকারীরা আগরতলা সহ রাজ্যের ৪৫ টি স্থানে পিকেটিং করে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সচিবালয়ে জানিয়েছেন, রাজ্য সরকার ও জনগণ এই বন্ধ মানেনি। আজ সমস্ত অফিস খোলা ছিল। কর্মচারীরা যথারীতি অফিসে এসেছেন।

\*\*\*\*\*

## **TRAIN REGULATED :**

ত্রিপুরায় আজ সিভিল সোসাইটির ডাকা বন্ধের পরিপ্রেক্ষিতে রাজ্য ট্রেন চলাচল বিস্থিত হয়। এন.এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঙ্গল কিশোর শর্মা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, রেল লাইনে পিকেটিং এর কারনে আজ বেশ কিছু ট্রেন বাতিল করতে হয়েছে ও কয়েকটি ট্রেনের চলাচলকে নিয়ন্ত্রণ করা হয়েছে। তিনি জানান, কিছু ট্রেনের সময়সূচী পরিবর্ত্তন করা হয়েছে। এর মধ্যে রয়েছে, ১৪৬১৯ নম্বর আগরতলা-ফিরোজপুর কেন্টনমেন্ট - আজ বিকেল ৩ টা ২০ মিনিটে ছাড়ার কথা ছিল, এই ট্রেনটি ছাড়বে আগামীকাল ২৪ শে অক্টোবর সকাল ৬ টা ২০ মিনিটে। ০৭০২৯ নম্বর আগরতলা-চারলাপল্লি স্পেশাল ট্রেনটি আগামীকাল সকাল ৬ টা ২০ মিনিটের পরিবর্তে সন্ধ্যা ৬ টা ২০ মিনিটে আগরতলা থেকে ছাড়বে।

\*\*\*\*\*

## **CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার টিআইএফটি-র ওয়ার রুমে ভার্চুয়ালী উত্তর পূর্বাঙ্গলে বিনিয়োগ প্রচার সংক্রান্ত বিষয়ক টাঙ্ক ফোর্স-এর উচ্চ পর্যায়ের বৈঠকে অংশ নেন। বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় উত্তর পূর্বাঙ্গলীয় উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিংহিয়া, কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ, কেন্দ্রীয় উত্তর পূর্বাঙ্গলীয় উন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার, নাগাল্যান্ড এর উপমুখ্যমন্ত্রী টি আর.আর. জেলিয়াং, রাজ্যের সাধারণ প্রশাসনের সচিব কিরণ গিত্তে প্রমুখ।

\*\*\*\*\*

## S.T. STUDENTS SCHOLARSHIP :

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে জানান, জনজাতি ছাত্রছাত্রীদের পোস্ট মেট্রিক স্কলারশীপ নিয়ে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রযোজনীয় আর্থিক অনুদান না পাওয়ায় জনজাতিভুক্ত ছাত্র ছাত্রীদের একটি অংশকে এখনও তাদের পোস্ট মেট্রিক স্কলারশীপ দেওয়া যায় নি। কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রকের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হয়েছে। তিনি আশা করেন, দ্রুত এই অর্থমিটিয়ে দেবে কেন্দ্রীয় সরকার। তিনি আরো জানান, স্কলারশীপ প্রদানের ক্ষেত্রে ব্যাক্ষের সঙ্গে বাধ্যতামূলক আধার সংযোগ না থাকায় ৭৭০ জন ছাত্রছাত্রীর স্কলারশীপ প্রদান সম্ভব হচ্ছে না। এই সব ছাত্রছাত্রী যেন দ্রুত তাদের আধার সংযোগ করিয়ে নেন তার জন্য অনুরোধ করেন জনজাতি কল্যাণমন্ত্রী। সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ সচিব কে. শশীকুমার জানান, রাজ্যে চলতি অর্থ বছরে ৩৩ হাজার ৩১৫ জন জনজাতি

ছাত্রাত্মীর মধ্যে এখন পর্যন্ত ২৮ হাজার ১৬৩ জনকে পোস্ট মেডিক স্কলারশীপ প্রদান করা হয়েছে। আরোও ৫ হাজার ১৫২ জনকে স্কলারশীপ দিতে ২৫ কোটি ৬৩ লক্ষ টাকা প্রয়োজন।

\*\*\*\*\*

### **Sarad samman :**

মেয়র দীপক মজুমদার আগরতলা পুর নিগম আয়োজিত শারদ সম্মান ২০২৫ এর বিজয়ী ক্লাবগুলির নাম আজ ঘোষণা করেছেন। এক সাংবাদিক সম্মেলনে মেয়র জানান, মোট ২১ টি পুরস্কার দেওয়া হবে। এরমধ্যে পাঁচটি সেরার সেরা পুরস্কার থাকবে। এছাড়া চারটি জোনালে ১৬ টি পুরস্কার দেওয়া হবে। তিনি জানান, আগামী ২৫ অক্টোবর আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানে বিজয়ী ক্লাবগুলিকে পুরস্কার প্রদান করা হবে।

\*\*\*\*\*

### **Package story-Rashtriya ekta band show :**

জাতীয় বা রাষ্ট্রীয় একতা দিবস। ভারতের ইতিহাসে লৌহ মানব হিসেবে খ্যাত স্বাধীন ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিন উদযাপনের উপলক্ষ। তিনি সদ্য স্বাধীন ভারতবর্ষের সঙ্গে ছোট ছোট দেশীয় রাজ্যগুলিকে সার্বভৌম ভারতের অন্তর্ভুক্ত করার মাধ্যমে এক সুসংহত শক্তিশালী ভারতবর্ষের ছবি বিশ্বের সামনে তুলে ধরেছিলেন। তাঁর সেই দূরদর্শী অবদানকে নতুন প্রজন্মের সামনে উজ্জ্বল করে তুলতে সারাদেশে এই দিবস উদযাপন। রাজ্যে এই দিবস উদযাপনের অঙ্গ হিসেবে শুরু হয়েছে নানা কর্মকাণ্ড।

**একটি প্রতিবেদন।**

\*\*\*\*\*

## **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে অক্টোবর আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

\*\*\*\*\*

## **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ. ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## **Appointment Letter :**

আগামীকাল রোজগার মেলার ১৭তম পর্ব অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সারা দেশে ৫টি স্থানে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল. মুরগান চেন্নাইয়ে নিয়োগপত্র বিতরণ করবেন, আয়ুষ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব মাদুরাইতে অফার লেটার বিতরণ করবেন এবং অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী তিরুচিরাপল্লীতে নিয়োগ পত্র বিতরণ করবেন।

\*\*\*\*\*

## **GST :**

জিএসটি হারের সংস্কার ত্রিপুরার গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করছে, কর্মসংস্থানের সুযোগ বাড়ছে এবং ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে ত্রিপুরার অবদান উল্লেখযোগ্যভাবে শক্তিশালী হচ্ছে।

জি.এস.টি ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার ফলে ত্রিপুরায় হস্তচালিত তাঁত, চা, রেশম চাষ এবং খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে প্রতিযোগিতা বাড়িয়ে তুলেছে, গ্রামীণ জীবিকা নির্বাহ এবং বাজারকেও প্রসারিত করেছে।

হস্তচালিত তাঁত বন্ধ এবং সেলাই করা পোশাকের উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে, যার ফলে এক লক্ষ সাঁইত্রিশ হাজারেরও বেশি পরিবার উপকৃত হয়েছে।

প্যাকেজজাত চায়ের উপর জিএসটি ১৮ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে, যার ফলে ৫৪টি চা বাগান এবং ২,৭৭৫ জন ক্ষুদ্র চাষীর আর্থিক সাশ্রয় হচ্ছে। রেশম চাষ: রেশমের উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে পাঁচ শতাংশ করা হয়েছে, যার হলে ১৫,৫৫০ রেশম চাষীর প্রভৃতি উপকার হয়েছে।

জুসের ক্ষেত্রে (কুইন ভ্যারাইটির আনারস সহ) জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে পাঁচ শতাংশ করা হয়েছে, যার ফলে ২,৮৪৮ টি প্রতিয়াকরণ ইউনিট আর্থিক সাশ্রয়ের সুবিধা পাচ্ছে।

\*\*\*\*\*

### **Tobacco free youth campaign 3.0 :**

রাজ্যের বিভিন্ন স্কুল, কলেজ পড়ুয়া ছাত্রছাত্রী, যুবক-যুবতী সহ আমজনতাকে তামাক সেবন সম্পর্কে সচেতন করার লক্ষ্যে গত ৯ অক্টোবর থেকে সমগ্র রাজ্যে তৃতীয় পর্যায়ে টোবাকো ফ্রি ইয়ুথ ক্যাম্পেইন শুরু হয়েছে। জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে এই প্রচারাভিযান ৮ ডিসেম্বর পর্যন্ত চলবে। এই প্রচারাভিযানকে আরও তেজী করার লক্ষ্যে আজ জাতীয় স্বাস্থ্য মিশনের কনফারেন্স হলে বিভিন্ন দপ্তরের সমন্বয়ে রাজ্যভিত্তিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্টেট হেলথ এন্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সোসাইটির সদস্য সচিব ডা. নূপুর দেববর্মা আজ এখবর জানিয়েছেন।

\*\*\*\*\*

### **NCC :**

স্কুল স্তরের এনসিসি ক্যাডার ছাত্র-ছাত্রীদের নিয়ে কম্বাইন্ড এন্যুয়েল ট্রেনিং ক্যাম্প আজ থেকে আগরতলার ভগৎ সিং যুব আবাসে শুরু হয়েছে। চলবে আগামি ৩১ অক্টোবর পর্যন্ত। উদ্বোধন করেন, এনসিসি ১৩ ব্যাটেলিয়নের ত্রিপুরা ক্যাম্পের কমান্ডেন্ট কর্নেল সি রাজশেখের। তিনি বলেন, এনসিসির মূল লক্ষ্যই হচ্ছে ছেলেমেয়েদের সর্বাঙ্গীন বিকাশ ঘটানো। ত্রিপুরার ১৩ টি স্কুলের ৯৪ জন ছাত্র-ছাত্রী ছাড়াও আসাম থেকে ১৮৪ জন এই শিবিরে অংশগ্রহণ করেছে।

\*\*\*\*\*

### **DM South Visited BC Nagar :**

দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি আজ ভারতচন্দ্র নগর রাজ্যের দক্ষিণ ভারত চন্দ্র নগর, চিত্তামারা ও পাইখোলা গ্রাম পঞ্চায়েতের প্রধানমন্ত্রী আবাস যোজনার সুবিধাভোগীদের নির্মায়মান ঘরগুলি পরিদর্শন ও গ্রামোন্নয়ন দপ্তরের বিভিন্ন নির্মায়মান প্রকল্পগুলি পরিদর্শন করেন। তিনি সুবিধাভোগীদের দ্রুত ঘরের নির্মানকাজ শেষ করতে বলেন এবং এমজিএম রেগা প্রকল্পের কাজগুলিও দ্রুত শেষ করতে গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হাঙ্কা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫. ৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*